# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
# ময়মনসিংহ

নং ৭৭৪৭/ প তারিখ: ২২/০৮/২০২৫

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের ফলাফল প্রস্তুত এবং প্রকাশ সংক্রান্ত কার্যক্রমে নিম্নবর্ণিত ধারাবাহিকতা অনুসরণ করার জন্য মাননীয় ভাইস চ্যান্সেলর অনুমোদন প্রদান করেছেন।

সিদ্ধান্ত-১: বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স অনুসারে ক্লাস শুরুর ১০ দিনের মধ্যে কোর্স রেকর্ড কার্ড পূরণ করে কোর্স রেজিস্ট্রেশন করার বিধান রয়েছে, কিন্তু অটোমেশন সফটওয়্যারে ফাইনাল পরীক্ষার তারিখ ঘোষণার পর ফাইন্যাল পরীক্ষার ফরম পূরণের সময় কোর্স রেজিস্ট্রেশন করা হয়ে থাকে। অনলাইনে ফরম পূরণের সময় শিক্ষার্থীরা প্রায়শই ভুল কোর্স সিলেকশন দেয়, ফলে পরীক্ষা শাখা হতে প্রবেশপত্র প্রস্তুত করতে বিড়ম্বনার সম্মুখীন হতে হয় এবং পরীক্ষা শুরুর পূর্বে সময় কম থাকায় তাড়াহুড়ো করে ডিন অফিস এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করে বিষয়টির সুরাহা করতে হয়। সাধারনত পরীক্ষা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যেই পরবর্তী উচ্চতর সেমিস্টারের ক্লাস আরম্ভ হয়ে যায়। **বর্ণিত প্রেক্ষিতে ফলাফল প্রকাশ সাপেক্ষে ক্লাশ আরম্ভ হওয়ার ২৫ (পঁচিশ) দিনের মধ্যে ডিন অফিস শিক্ষার্থীদের অনলাইনে কোর্স রেজিস্ট্রেশনের ব্যবস্থা করবে।**

সিদ্ধান্ত-২: **ক্লাস টেস্ট ও উপস্থিতির নম্বর উঠানোর জন্য শিক্ষার্থীদের আইডি নম্বরসহ মার্কসশিট কোর্স টিচার প্যানেলে থাকবে। পরীক্ষা কমিটির চেয়ারম্যান কর্তৃক নিযুক্ত কোর্স টিচার উক্ত মার্কসশিটের দুই প্রস্থ মুদ্রণ করে ক্লাশ টেস্ট ও উপস্থিতির নম্বর স্বহস্তে উঠাবেন। অতঃপর কোর্স টিচার অটোমেশন সফটওয়্যারে ক্লাশ টেস্ট ও উপস্থিতির নম্বর ইনপুট করে সাবমিট করবেন। কোর্স টিচার ক্লাস টেস্ট ও উপস্থিতির স্বহস্তে উঠানো মার্কসশিটের স্বাক্ষরিত দুই প্রস্থ পরীক্ষা কমিটির চেয়ারম্যান বরাবর প্রেরণ করবেন।**

সিদ্ধান্ত-৩: ডিন মহোদয়ের প্রস্তাবিত পরীক্ষার তারিখ অনুযায়ী ফাইন্যাল পরীক্ষার ফরম পূরণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক অনলাইনে বিজ্ঞপ্তি দিয়ে থাকেন। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সীমা অনুযায়ী শিক্ষার্থীরা ফাইন্যাল পরীক্ষার ফরম পুরণ করে। **পরীক্ষা কমিটির চেয়ারম্যান কর্তৃক নিযুক্ত হওয়ার সময় থেকেই উত্তরপত্র পরীক্ষকের প্যানেলে পরীক্ষার্থীদের আইডি নম্বরসহ ফাইনাল পরীক্ষার মার্কসশীট থাকবে। উত্তরপত্র পরীক্ষক উক্ত মার্কসশীটের দুই প্রস্থ মুদ্রণ করে ফাইনাল পরীক্ষার কোর্সের প্রাপ্ত নম্বর স্বহস্তে উঠাবেন। অতঃপর উত্তরপত্র পরীক্ষক অটোমেশন সফটওয়্যারে ফাইনাল পরীক্ষার নম্বর ইনপুট করে সাবমিট করবেন।** উল্লেখ্য যে, উত্তরপত্র পরীক্ষকগণ BAU ERP-তে নম্বর ইনপুট দেয়ার জন্য সংশ্লিষ্ট সেমিস্টারের ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পরদিন থেকে ১৫ (পনের) দিন সময় পাবেন। এরপর BAU ERP স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

সিদ্ধান্ত-৪: **উত্তরপত্র পরীক্ষকগণ ফাইনাল পরীক্ষার নম্বর ইনপুট করে সাবমিট করলে পরীক্ষা কমিটির চেয়ারম্যান তার প্যানেল থেকে খসড়া গ্রেডশিট মুদ্রণ করতে পারবেন। পরীক্ষা কমিটির চেয়ারম্যান তাঁর প্যানেল থেকে খসড়া গ্রেডশিট মুদ্রণ করবেন এবং কমিটির সদস্যগণকে সাথে নিয়ে উক্ত খসড়া গ্রেডশিট-এর সাথে কোর্স টিচার এবং উত্তরপত্র পরীক্ষক কর্তৃক প্রেরিত মার্কসশিট সমূহ তুলনা করে নিশ্চিত হওয়ার পর সেভ করে সাবমিট করলে ফাইনাল গ্রেডশিটের PDF ফাইল চূড়ান্ত হবে। সেমিস্টারের ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পরদিন থেকে ১৫ (পনের) দিন অতিক্রান্ত হওয়ার পরবর্তী আরও ৩ (তিন) কার্যদিবস পর্যন্ত পরীক্ষা কমিটির চেয়ারম্যান-এর ERP কার্যকর থাকার পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। যথাসময়ে**

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

টেবুলেশনের স্বার্থে তিন কার্যদিবসের মধ্যেই পরীক্ষা কমিটি কর্তৃক কম্পাইলেশনকৃত চূড়ান্ত গ্রেডশিট ২ (দুই) প্রস্থ মুদ্রণ করে সদস্যদের স্বাক্ষর সহ কমিটির চেয়ারম্যান এক প্রস্থ বিভাগীয় অফিসে সংরক্ষণ করবেন এবং এক প্রস্থ গ্রেডশিটের সাথে অর্ডিন্যান্স অনুযায়ী 'ক্লাস টেস্ট ও উপস্থিতির মার্কসশিট', 'ক্লাস টেস্টের উত্তরপত্র' এবং 'ফাইনাল পরীক্ষার উত্তরপত্র' পরীক্ষা শাখায় প্রেরণ করবেন।

সিদ্ধান্ত-৫: একটি সেমিস্টারের সকল গ্রেড শিট জমা হওয়ার পর পরীক্ষা শাখা হতে তা কম্পিউটারে দায়িত্বপ্রাপ্ত টেবুলেটর-এর নিকট সরবরাহ করা হবে। কম্পিউটারে দায়িত্বপ্রাপ্ত টেবুলেটর বাকী দুইজন টেবুলেটরের সহযোগিতায় MS Access প্রোগ্রামে মার্কস উত্তোলন করবেন এবং তা পরীক্ষা শাখায় প্রেরণ করবেন। পরবর্তীতে তিন জন টেবুলেটর পরীক্ষা শাখায় এসে অটোমেশনে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত মার্কসসহ ড্রাফট টেবুলেশন শিট, MS Access প্রোগ্রাম হতে প্রাপ্ত ড্রাফট টেবুলেশন শিট এবং পরীক্ষা কমিটি কর্তৃক প্রেরিত গ্রেডশিটের সাথে তুলনা করে টেবুলেশন কাজ সম্পন্ন করবেন। উল্লেখ্য যে, পরীক্ষা কমিটির চেয়ারম্যান কর্তৃক ফলাফল সংক্রান্ত সকল রেকর্ডস পরীক্ষা শাখায় আসার পর থেকে পরবর্তী ৩ (তিন) কর্মদিবস টেবুলেটরগন টেবুলেশন কার্য সম্পাদনের সময় পাবেন। টেবুলেশনের পর সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রন কমিটি কর্তৃক চূড়ান্তকৃত ফলাফল মাননীয় ভাইস চ্যান্সেলর কর্তৃক অনুমোদন হওয়ার পর পরীক্ষা শাখা হতে অনলাইন এবং মুদ্রিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

(স্বাক্ষরিত)

পরীক্ষা নিয়ন্ত্রক

মেমো নং ৭৭৪৭(৩০)/প

তারিখ: ২২/০৮/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে অনুলিপি প্রেরিত হলো:

১) সকল অনুষদের ডিন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
২) সকল ইনস্টিটিউট-এর পরিচালক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৩) ছাত্র বিষয়ক উপদেষ্টা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৪) সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। (বিভাগের সকল শিক্ষকগণকে অবহিত করার অনুরোধসহ)
৫) রেজিষ্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৬) পরিচালক, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৭) এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৮) ডেপুটি রেজিস্ট্রার, ভি.সি. সচিবালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)

(স্বাক্ষরিত)

পরীক্ষা নিয়ন্ত্রক